



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



(প্রেস বিজ্ঞপ্তি - ১)

## করোনার ২য় ডোজের টীকা নিলেন সিটি মেয়র রেজাউল করিম চৌধুরী

চট্টগ্রাম-০২ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী আজ রবিবার সিটি কর্পোরেশন পরিচালিত মেমন জেনারেল হাসপাতালে করোনা টীকার ২য় ডোজ গ্রহণ করেছেন। টীকা গ্রহণকালে তিনি বলেন, বর্তমান করোনার উর্ধ্বমুখী সংক্রমণের কারণে বিশ্বব্যাপী মৃত্যু বেড়েই চলছে। যে কারণে টীকা গ্রহণের পাশাপাশি মাস্ক পরিধানের বিকল্প নেই। ইতোমধ্যে রাশিয়ার স্পুটনিক ও চীনের সাথে যৌথভাবে টীকা উৎপাদনে যাচ্ছে সরকার। মাস দুয়েকের মধ্যে টীকার উৎপাদন শুরু হলে দেশে টীকহার সংকট থাকবেনা। তিনি নগরবাসীকে স্বাস্থ্যবিধি মানার পাশাপাশি করোনার কোন উপসর্গ দেখা দিলে টেস্টের পাশাপাশি নগরীর লালদিঘী পাড়স্থ লাইব্রেরী ও দুয়োগ বব্যস্থাপনা ভবনে আইসোলেশন সেন্টারে ভর্তি হয়ে বিনামূল্যে চিকিৎসা সেবা নেয়ার আহ্বান জানান। এ সময় উপস্থিত ছিলেন মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, চসিক প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা: সেলিম আকতার চৌধুরী, স্বাস্থ্য কর্মকর্তা ডা: মোহাম্মদ আলী ও অন্যান্য চিকিৎসকবৃন্দ।

(প্রেস বিজ্ঞপ্তি - ২)

## মেয়রের সাথে সৌজন্য সাক্ষাতে চসিক ক্রীড়া একাদশ নেতৃবৃন্দ

চট্টগ্রাম-০২ মে'২০২১খ্রিঃ

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর সাথে আজ রোববার দুপুরে সিটি কর্পোরেশন ক্রীড়া একাদশের নেতৃবৃন্দ সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতকালে মেয়র ক্রীড়া একাদশ নেতৃবৃন্দের উদ্দেশ্যে বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নাগরিক সেবা কার্যক্রমের পাশাপাশি ক্রীড়া ক্ষেত্রে অংশগ্রহণ করে। ক্রীড়া ক্ষেত্রে কর্পোরেশনের ব্যয়ের লক্ষ্য হলো সুনাম অর্জন। আর এই সুনাম অর্জিত হবে ক্রীড়াঙ্গনের সাফল্যে উপর। কর্পোরেশন খেলোয়াড় হিসেবে অনেককে বিভিন্ন দপ্তরে চাকরি দিয়েছে। কাজেই ক্রীড়া নৈপুণ্যের মাধ্যমে চসিক ক্রীড়া একাদশের খেলোয়াড় কর্পোরেশনের ভাবমূর্তি উজ্জল করবেন এটাই প্রত্যাশা।

এ সময় ক্রীড়া স্ট্যান্ডিং কমিটির সভাপতি ও চসিক ক্রীড়া একাদশের চেয়ারম্যান কাউন্সিলর আতাউল্লাহ চৌধুরী, একাদশ সম্পাদক আলী আকবর, কোষাধ্যক্ষ মো. মহিউদ্দীন, সহ-সাধারণ সম্পাদক মো. মোজাম্মেল হক সানি, সিনিয়র খেলোয়াড় শামি বিল্লাহ, চট্টগ্রাম সিটি কর্পোরেশন শ্রমিক কর্মচারী লীগ (সিবিএ) এর সভাপতি ফরিদ আহমেদ ও সাধারণ সম্পাদক মুজিবুর রহমান উপস্থিত ছিলেন।

সংবাদদাতা

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩